

২০২০
বাংলা

তৃতীয় সেমিস্টার (DODL)

তৃতীয় পত্র

বিশেষ পত্র : ভাষাবিজ্ঞান

পূর্ণমান : ৮০

সময় : ৪ ঘণ্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নের উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

- ১। ঐতিহাসিক ও বর্ণনামূলক ভাষাবিজ্ঞানের সংজ্ঞাসহ স্বরূপ বিশ্লেষণ করো। উভয় পদ্ধতির মধ্যে পারস্পরিক নির্ভরশীলতার স্বরূপ বুঝিয়ে দাও।

অথবা

পৃথিবীর ভাষাবংশসমূহের শ্রেণীবিভাগ করো। উদাহরণসহ প্রত্যেক বিভাগের সংক্ষিপ্ত পরিচিতি দাও। ১৫

- ২। প্রাচীন ভারতীয় আর্যভাষার সময়কাল ও নিদর্শনসমূহের পরিচয় দাও। এই প্রসঙ্গে এই পর্বের ভাষার ধ্বনিতাত্ত্বিক, রূপতাত্ত্বিক ও ছন্দোগত বৈশিষ্ট্যগুলি বিশ্লেষণ করো।

অথবা

মধ্যভারতীয় আর্যভাষার স্তর বিভাজনের কারণগুলি লিপিবদ্ধ করো। এই প্রসঙ্গে এই পর্বের ভাষার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলির পরিচয় দাও। ১৫

- ৩। মধ্য বাংলা ভাষার স্তর বিভাজনের কারণগুলি নিখে অন্ত্য - মধ্য বাংলা ভাষার রূপতাত্ত্বিক বৈশিষ্ট্যের সঙ্গে আদি-মধ্য বাংলা ভাষার রূপতাত্ত্বিক বৈশিষ্ট্যের একটি তুলনামূলক আলোচনা করো।

অথবা

রেখচিত্রসহ বাংলা ভাষা উদ্ভবের কাহিনী সংক্ষেপে আলোচনা করো। এই প্রসঙ্গে বাংলা ভাষার একশো বছরের ইতিহাসের স্তর বিভাজন করে বিষয়টি বুঝিয়ে দাও। ১৫

- ৪। উপভাষা বলতে কী বোঝ? বাংলা উপভাষার সাধারণ পরিচয় দিয়ে ভাষা ও উপভাষার মধ্যে পার্থক্য নিরূপণ করো।

অথবা

কামরূপী উপভাষার প্রচলন ভারতবর্ষের কোথায় কোথায় বিদ্যমান? এই উপভাষার উদাহরণ দিয়ে এর ধ্বনিতাত্ত্বিক ও রূপতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি বুঝিয়ে দাও। ১৫

- ৫। টীকা লেখো : ৫×৪=২০

- ক) বাহ্য পুনর্গঠনের গুরুত্ব অথবা ভাষাঋণের স্বরূপ।
খ) নব্য ভারতীয় আর্যভাষার স্বরূপ অথবা প্রাচীন ভারতীয় আর্যভাষার ব্যঞ্জনধ্বনি।
গ) প্রাচীন বাংলা ভাষার ছন্দোগত বৈশিষ্ট্য অথবা আধুনিক বাংলা ভাষার নিদর্শনসমূহ
ঘ) আদর্শ চলিত বাংলার আদর্শ রাঢ়ী উপভাষা অথবা বঙ্গালী উপভাষার রূপতাত্ত্বিক বৈশিষ্ট্য।